# Sanatan Dharma

**নিউমেরোলজি বা সংখ্যাতত্ত্ব বিদ্যা**

নিউমেরোলজি বা সংখ্যাতত্ত্ব এমনই এক বিদ্যা, যার যুক্তিকাঠামো একান্তভাবেই তার নিজস্ব। এই যুক্তিকাঠামোকে প্রয়োগ করেই নিউমেরোলজি জানায়, আমাদের চারপাশে ঘিরে সংখ্যারা আমাদের সম্পর্কে অনেক কিছুই বলে। এমনকী, এই সংখ্যাগুলির যথাযথ বিশ্লেষণ থেকে ভবিষ্যৎও জানা যায়।
আমাদের সব থেকে কাছের সংখ্যা হল আমাদের টেলিফোন নাম্বার। ফোনের নম্বরের সংখ্যাতত্ত্বগত বিশ্লেষণ থেকে নাকি জানা যায় ভবিষ্যৎ। এক্ষেত্রে প্রথমে একটি সহজ অঙ্ক কষে নিতে হবে, তার পরেই আপনি রেডি আপনার ভবিষ্যৎ জানার জন্য। আপনার দশ ডিজিটের ফোন নম্বরের শেষ চারটি সংখ্যাকে নিন। কারণ এই সংখ্যগুলিই আপনার একান্ত নিজস্ব। এবারে ওই চারটি সংখ্যার যোগফল বের করুন। অর্থাৎ আপনার ফোন নম্বরের শের চার ডিজিট যদি ৫৪২১ হয়ে থাকে, তা হলে ৫+৪+৩+১ করতে হবে। এবারে যে যোগফল বেরবে তা যদি এক সংখ্যার হয়, তা হলে আপনার কাজ শেষ। কিন্তু যদি দুই টিজিটের উত্তর আসে(অর্থাৎ ৫+৪+৩+১= ১৩ হয়), তবে সেই সংখ্যা দু'টিকেও যোগ দিন (অর্থাৎ ১+৩= ৪)। এই যোগফলটিই হবে আপনার অভিষ্ট সংখ্যা।
এবারে দেখে নেওয়া যাক, কী জানায় এই যোগফল সম্পর্কে।
 ১ যোগফল হলে আপনি বেশ শক্তিশালী ব্যক্তিত্ব। অন্যকে প্রভাবিত করার ক্ষমতা আপনার প্রচুর পরিমাণে রয়েছে। আপনার ব্যবসা-ভাগ্য দারুণ। অন্য পেশাতেও আপনার উন্নতির যোগ রয়েছে।
 ২ যোগফল হলে আপনি খুবই রোম্যান্টিক স্বভাবের মানুষ। অন্যের কাচ থেকে সহযোগিতা আশা করেন। সেলস জব বা এজেন্সি ব্যবসায় আপনার উন্নতি সম্ভব।
 ৩ যোগফল হলে আপনি সৃজনশীল মানুষ। শিল্পী, সংগীতশিল্পী প্রমুখের জন্য এই সংখ্য শুভ। লেখকদের ফোন নম্বর থেকে এই যোগফল পাওয়া গেলে, তাঁদের উন্নতির যোগ রয়েছে ধরতে হবে।
 ৪ যোগফল যাঁর, তিনি স্থিতিধী ব্যক্তি। তাঁর উপরে অনেকেই নির্ভর করতে চাইবেন। এমন মানুষ ব্যাঙ্ক, হিসাবরক্ষক সংস্থা ইত্যাদিতে খ্যাতির সঙ্গে কাজ করতে পারবেন।
 যোগফল ৫ হলে বুঝতে হবে, তিনি অ্যাডভেঞ্চার-প্রিয় লোক। ভ্রমণে বিশেষ উৎসাহী। এঁদের পারিবারিক জীবন তেমন সুখের হয় না। জীবন যাপনে শৃঙ্খলার অভাব থাকে এঁদের।
 ৬ যাঁদের যোগফল, পারিবারিক ব্যক্তিত্বের পক্ষে ভাল। জীবনের একটা বড় অংশ কাটবে প্রাণখোলা আড্ডা দিয়ে।
 ৭ যোগফল হলে তিনি আধ্যাত্মিক দিকে পা বাড়িয়েই থাকেন, বুঝতে হবে।
 ৮ একটি অতি রহস্যময় সংখ্যা। তবে, এই সংখ্যা যাঁর, তিনি উচ্চাভিলাষী। আবার এই সংখ্যা অনেককে আধ্যাত্মিক দিকে ঠেলেও নিয়ে যায়।
 ৯ যোগফল হলে তিনি চিকিৎসক হিসেবে হতে পারেন। ওষুধের ব্যবসাতেও তাঁর উন্নতির যোগ রয়েছে। তবে এই সংখ্য অনেক সময়েই কিছুটা পতন ডেকে আনে।

or

Published on: Jun, 03 2023 11:43

নিউমেরোলজি বা সংখ্যাতত্ত্ব এমনই এক বিদ্যা, যার যুক্তিকাঠামো একান্তভাবেই তার নিজস্ব। এই যুক্তিকাঠামোকে প্রয়োগ করেই নিউমেরোলজি জানায়, আমাদের চারপাশে ঘিরে সংখ্যারা আমাদের সম্পর্কে অনেক কিছুই বলে। এমনকী, এই সংখ্যাগুলির যথাযথ বিশ্লেষণ থেকে ভবিষ্যৎও জানা যায়।

১’-এর ভাগ্য কেমন?

আপনার জন্মতারিখের যোগফল যদি ১ হয়।

আপনার জন্মতারিখের যোগফল যদি ১ হয়। যেমন ধরুন আপনার জন্মতারিখ হল ১, ১০, ১৯, ২৮। এগুলির প্রতিটির যোগফল করলে হয় ১।

১+০= ১

১+৯= ১০, ১+০= ১

২+৮= ১০, ১+০= ১

যদি আপনার জন্ম যদি এই তারিখগুলির মধ্যে হয়, তবে ২০১৭ সাল খুব ভাল কাটবে। কর্মক্ষেত্রে আরও বেশি মনসংযোগ করুন। শান্ত থাকুন। আপনার উন্নতি কেউ আটকাতে পারবে না। যাঁরা প্রেম করছেন, তাঁদের সম্পর্ক আরও গভীর হবে।

Published on: Jun, 03 2023 11:43